The Bangladesh Monitor - A Premier Travel Publication

ঢাকায় ফ্রান্স ভিসাসেবা চালু করল ভিএফএস

- A Monitor Desk Report Date: 18 September, 2025

ঢাকা : বাংলাদেশে ফ্রান্স ভিসাসেবা চালু করেছে ভিএফএস গ্লোবাল। এর মধ্যে দিয়ে ঢাকায় আধুনিক ভিসা আবেদনকেন্দ্রের যাত্রা শুরু হলো।

বুধবার (১৭ সেপ্টেম্বর) থেকে ফ্রান্সের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি ভিসা আবেদনকারীরা ঢাকার গুলশান এভিনিউতে অবস্থিত আমাদের ভিসা আবেদনকেন্দ্রে সহজে তাদের আবেদন জমা দিতে পারবেন।

ভিএফএস গ্লোবাল জানায়, আবেদনকারীরা তাদের কেন্দ্রে ভিসা আবেদন জমা দেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারবেন এই লিঙ্কে গিয়ে: https://visa.vfsglobal.com/bgd/en/fra/।

আবেদনকারীরা অতিরিক্ত সুবিধাও পাবেন যেমন প্রিমিয়াম সার্ভিস, কুরিয়ার, ফর্ম পূরণসহ আরো বেশ কিছু সেবা।
বাংলাদেশে ফ্রান্সের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি ভিসা আবেদনকারীরা অনলাইনে পূর্বনির্ধারিত অ্যাপয়েন্টমেন্ট বুক করে ঢাকাস্থ আধুনিক ফ্রান্স ভিসা আবেদন কেন্দ্রে সহজেই আবেদন জমা দেওয়া যাবে। অ্যাপয়েন্টমেন্ট বুকিং ইতোমধ্যেই শুরু হয়েছে। এবং আবেদনকারীরা ভিএফএস গ্লোবালের ওয়েবসাইটে গিয়ে বুক করা যাচ্ছে।

এর আগে মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর)নতুন ভিসা আবেদনকেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন বাংলাদেশের ফ্রান্সের রাষ্ট্রদূত মহোদয়া মেরি মাসদুপুই।

রাষ্ট্রদূত মেরি মাসদুপুই বলেন, ‘ফ্রান্স দূতাবাস এই নতুন ভিসা আবেদনকেন্দ্রের উদ্বোধন করতে পেরে অত্যন্ত আনন্দিত। ভিসা আবেদনের সংগ্রহ প্রক্রিয়া আউটসোর্স করার উদ্দেশ্য হলো বাংলাদেশি বাসিন্দাদের ভ্রমণ সহজ করা। এর ফলে প্রতিদিন আরও বেশি আবেদন জমা দেওয়া সম্ভব হবে, অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার অপেক্ষার সময় কমবে, আধুনিক পেমেন্ট অপশন যুক্ত হবে এবং সামগ্রিকভাবে আবেদনকারীর অভিজ্ঞতা উন্নত হবে।

আমি জোর দিয়ে বলতে চাই যে ভিএফএস গ্লোবাল শুধুমাত্র আবেদনকারীদের স্বাগত জানাবে এবং তাদের ফাইল সংগ্রহ করবে। ভিসা প্রক্রিয়াকরণ সম্পূর্ণরূপে দূতাবাসের একক দায়িত্ব থাকবে।'

ঢাকায় ফ্রান্স দূতাবাস এবং ভিএফএস গ্লোবাল একটি বিশ্বস্ত প্রযুক্তি সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, যা সরকার ও নাগরিকদের জন্য নিরাপদ গতিশীলতা নিশ্চিত করে- যৌথভাবে আধুনিক ফ্রান্স ভিসা আবেদন কেন্দ্রের উদ্বোধন করেছে। এটি ঢাকার গুলশান এলাকায় অবস্থিত, যেখানে আবেদনকারীরা উন্নত ভিসা আবেদন অভিজ্ঞতা অর্জন করতে পারবেন।

ঠিকানা: র‍্যাংস জেড স্কোয়ার, লেভেল ৭, ১১৮ গুলশান এভিনিউ, গুলশান ২, ঢাকা।

কার্যক্রমের সময়: রবি – বৃহস্পতি, সকাল ৮:৩০ – বিকেল ৪টা।

অ্যাপয়েন্টমেন্ট বুক করতে বা আরও তথ্যের জন্য ভিজিট করুন: https://visa.vfsglobal.com/bgd/en/fra/

-B